

কখন কখন প্রভু নিশ্চিত থাকায়।
 ব্যাধিযুক্ত লোক কত আসে আর যায়।।
 রোগীরা মানসা সব করিয়া হরিষে।
 ‘আরোগ্য হইলে ব্যাধি দাস হ’ব এসে।।’
 কেহ বা কহিত দাস হইনু এখনে।
 মনঃপ্রাণ দেহ সাঁপিলাম শ্রীচরণে।।
 দেহের এ রোগ মম হউক আরোগ্য।
 অর্থ কিছু তাঙ্গমুদ্রা দিয়া যাব শীঘ্র।।
 কেহবা কহিত দিব সোয়া পাঁচ আনা।
 কেহবা কহিত আমি দিব সোয়া আনা।।
 কেহবা কহিত আমি দিব পাঁচ সিকা।
 কেহবা কহিত দিব সোয়া পাঁচ সিকা।।
 কেহবা যাইত মনে মানসা করিয়া।
 আরোগ্য হইলে ব্যাধি দিতেন আনিয়া।।
 প্রভুর-মুখের বাক্যে রোগ মুক্ত হয়।
 এইমত রোগী কত আসে আর যায়।।
 পাঁচ সাত গ্রামে ক্রমে শব্দ হ’ল ভারি।
 কত লোকে আসিত দেখিব বলে হরি।।
 যেখানে থাকিত প্রভু লয়ে ভক্তগণ।
 চাউল মজুত হ’ত দুই-তিনমণ।।
 টাকাগুলি যত সব রোগীরা আনিত।
 কতক হইত ব্যয় কতক থাকিত।।
 প্রভুর সম্মুখে এনে হাজির করিত।
 ঠাকুর তাহার কিছু হাতে না ধরিত।।
 ভক্তগণ রাখিতেন আর আর স্থানে।
 হরিলুঠ কতজনে দিত সংকীৰ্তনে।।
 এইভাবে প্রভু রহিলেন তিনমাস।
 একদিন ভক্তগণ বসি প্রভু-পাশ।।
 প্রভুর নিকটে কহে করজোড় করি।
 ‘যাইব আমরা সবে আপনার বাড়ী।।’
 প্রভু বলে “কেবা আত্ম কেবা কাঁর পর?
 আমি কাঁর কে আমার মায়া বাড়ী ঘর।।”

ভক্তগণে বলে ‘প্রভো! দয়া হয় যদি।
 লয়ে চল সকলে ‘শ্রীধাম ওড়াকান্দী।।’
 শুনিয়া হাসিয়া কহে প্রভু ইচ্ছাময়।
 “কর ইচ্ছা যাহা তোমাদের ইচ্ছা হয়।।”
 হয়ে তুষ্ট মহাহস্ট পরস্পর কয়।
 ‘শ্রীধামে কে যাবি তোরা, আয়! আয়! আয়!
 এতবলি সবে মিলি সাজা’ল তরণী।
 যার যাহা ছিল দ্রব্য সব দিল আনি।।
 তাঙ্গমুদ্রা রৌপ্যমুদ্রা কেহ দিল ধান্য।
 কেহ দধি কেহ ঘৃত পাত্র পরিপূর্ণ।।
 কেহ দিল তরকারী কুম্ভাণ্ড কদলী।
 পঙ্করজ্ঞা খোড় মোচা পদ্ম মূল কলি।।
 ছোলা, বুট, মুগ, মাষ, মটর ডাইল।
 বস্তা দশ পরিপূর্ণ নুতন চাউল।।
 ছানা দধি সন্দেশাদি গুড় দশখান।
 আতপ তণ্ডুল দশমণ পরিমাণ।।
 দুইশত নারিকেল হাজার সুপারি।
 পাঁচ হাত *মুখে এক সাজাইল তরী।।
 তরী-পরিপূর্ণ করি ঠাকুরে উঠায়।
 হরি বলে তরী খুলি ওড়াকান্দী যায়।।
 ওড়াকান্দী ঘাটে তরী লাগাইল এসে।
 ভক্তগণে দ্রব্য আনে ঠাকুরের বাসে।।
 প্রভু যায় আণ্ড আণ্ড পিছে ভক্তগণ।
 যাইতে আসিতে পথে করে সংকীৰ্তন।।
 ঠাকুর আসিয়া বসিলেন নিজ ঘরে।
 ভক্তগণ দ্রব্য এনে রাখে ভরে ভরে।।
 টাকা, সিকি, আধুলী, তাঙ্গের মুদ্রা যত।
 সব শুদ্ধ পরিমাণ টাকা এক শত।।
 প্রিয়ভক্ত রামচাঁদ সেই টাকা ল’য়ে।
 লক্ষ্মীমার নিকটেতে দিলেন আনিয়ে।।